

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা, চট্টগ্রাম

মোবাইল: ০১৮১৯-৯৩০৪৮৮



তারিখ: ২৭.৪.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি-

টিসিবির পণ্য বিক্রয়ের কার্ড বিতরণ কার্যক্রমের উদ্বোধন করলেন মেয়র ডা. শাহাদাত

টিসিবির (ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশ) পণ্য বিক্রয়ের কার্যক্রমের স্মার্ট ফ্যামিলি কার্ড বিতরণ কার্যক্রমের উদ্বোধন করেছেন চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র ডা. শাহাদাত। রবিবার (২৭ এপ্রিল) নগরের টাইগারপাসস্থ নগর ভবনে এ কার্যক্রমের উদ্বোধন করা হয়। এ সময় মেয়র ডা. শাহাদাত বলেন, নির্ধারিত দামে সাধারণ মানুষের কাছে নিত্যপ্রয়োজনীয় পণ্য পৌঁছে দিতে টিসিবি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। নগরবাসীর সুবিধার্থে চট্টগ্রাম সিটি করপোরেশনের মাধ্যমে নির্দিষ্ট কার্ডধারীদের মাঝে এসব পণ্য বিতরণ করা হবে। উল্লেখ্য প্রথমে ধাপে ৪১টি ওয়ার্ডের ৫,২৬৯টি কার্ড ওয়ার্ড সচিবদের মাঝে বিতরণ করা হয়। ধাপে ধাপে ৩ লাখ ৯৬৩ জনের মাঝে কার্ড বিতরণ করা হবে।



চট্টগ্রামে বিশ্ব অটিজম দিবস ও নিষ্পাপ অটিজম ফাউন্ডেশনের ১৫তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত

১৮তম বিশ্ব অটিজম সচেতনতা দিবস ও নিষ্পাপ অটিজম ফাউন্ডেশনের ১৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে চট্টগ্রাম জেলা শিল্পকলা একাডেমী প্রাঙ্গণে। নিষ্পাপ অটিজম ফাউন্ডেশনের সভাপতি প্রফেসর ডা. বাসনা মুহুরীর সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। অনুষ্ঠানের উদ্বোধক ছিলেন চট্টগ্রাম বিভাগীয় সমাজসেবা অধিদপ্তরের পরিচালক কাজী নাজিমুল ইসলাম। সভায় মেয়র ডা. শাহাদাত হোসেন বলেন, "অটিস্টিক শিশুরা আমাদের সমাজের গুরুত্বপূর্ণ অংশ। তাদের প্রতি সহানুভূতি নয়, সম্মানের দৃষ্টিতে দেখতে হবে। অটিজম বিষয়ে সচেতনতা বাড়ানো জরুরি। 'শ্লাঘ্য বৈচিত্র্যকে বরণ করি, টেকসই সমাজ গড়ি' এই শ্লোগানকে সামনে রেখে আমাদের এগিয়ে যেতে হবে।" তিনি নিষ্পাপ অটিজম ফাউন্ডেশনের ১৫ বছরের সফল যাত্রার ভূয়সী প্রশংসা করে বলেন, "ডা. বাসনা মুহুরীর নেতৃত্বে এই প্রতিষ্ঠান আজ চট্টগ্রামসহ সারাদেশে অটিস্টিক শিশুদের জন্য একটি অনুকরণীয় দৃষ্টান্ত স্থাপন করেছে।" মেয়র জানান, অটিস্টিক শিশুদের জন্য চট্টগ্রামে 'অটিস্টিক পল্লী' গড়ে তোলার উদ্যোগ নেয়া হয়েছে। এই প্রকল্পে সিটি করপোরেশনের পক্ষ থেকে সব ধরনের সহযোগিতা প্রদান করা হবে। তিনি বিশেষভাবে 'নাগরিক কার্ড' এবং 'বিধবা কার্ড' প্রদান কার্যক্রম দ্রুত বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করেন, যাতে বিশেষ চাহিদাসম্পন্ন ও সুবিধাবঞ্চিত নাগরিকরা উপকৃত হন। ডা. শাহাদাত হোসেন আরো বলেন, "প্রতিটি স্কুলে চাইল্ড সাইকোলজিস্ট নিয়োগ দেওয়া প্রয়োজন। যাতে অটিস্টিক বা বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের দ্রুত চিহ্নিত করে যথাযথ কাউন্সেলিং ও সহায়তা প্রদান করা যায়।" অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক ফরিদুল আলম, পিএইচপি ফ্যামিলির পরিচালক জহিরুল ইসলাম রিংকু, ইউনিসেফ চট্টগ্রাম বিভাগের প্রধান মাদুরী ব্যানার্জী, বিশিষ্ট সাংবাদিক নাসিরুল হক, প্রফেসর ডা. সুদীপ পাল, প্রকৌশলী বুলন কুমার দাশ এবং মহানগর বিএনপির যুগ্ম আহ্বায়ক ইয়াসিন চৌধুরী লিটন ও মঞ্জুরুল আলম মঞ্জু।

নগরীর কাঠগড়ে রাস্তা ও ফুটপাথ দখল করায় ৫ ব্যক্তিকে ৪০ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি করপোরেশনের উদ্যোগে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা এর নেতৃত্বে আজ নগরীর পতেঙ্গা থানার কাঠগড় এলাকায় অভিযান পরিচালিত হয়। অভিযান কালে ভিআইপি রোডের জিইএম গেইটের সামনের রাস্তা ও ফুটপাথ অবৈধ ভাবে দখল করে স মিলের কাঠের গুঁড়ি, তেলের ড্রামসহ বিভিন্ন মালামাল রেখে জনদুর্ভোগ সৃষ্টি করা ও দোকানের সামনে ময়লা আবর্জনা স্তুপ করে রাখার অপরাধে ৫ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৪০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। এই সময় জনসাধারণের মাঝে জলাবদ্ধতা রোধ, নির্দিষ্ট স্থানে ময়লা আবর্জনা ফেলা, ফুটপাথ, সড়ক ও নালা-খাল অবৈধ দখল মুক্ত রাখতে সচেতনতা মূলক লিফলেট বিলি করা হয়।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮